

পাখিরা

(ভাষান্তর অর্ধেন্দু চত্রবর্তী)

এ কথা মিথ্যে যে
 করাচিতে বর্ষায় বেড়ে ওঠা গাছের পাতায়
 দুরন্ত সবুজ আর কোমলতা
 চোখে পড়ে না
 কিংবা বৃষ্টির মেঘ না এলে
 ছায়া পাওয়া কঠিন
 এটাও মিথ্যে যে
 খরগোশের চোখ জুলজুল করে না
 বা কাঠবেড়ালিরা বাদাম আর আখরোটের
 খোসা নিয়ে খেলে না
 বীর হনুমানও রয়েছে
 সাপ নিজের ভাগের দুধ
 কাণ্ডজে স্বাধীনতার জন্যে রেখে যায়
 আমি ছাড়া
 করাচিতে পাখিরাও রয়েছে
 যারা গুলির আওয়াজ আর বাদের গন্ধেও
 এদিক ওদিক ওড়ে
 দেয়ালে গিয়ে বসে
 কোথাও না কোথাও জড়ো হয়ে
 বোকা বোবা 'দোয়া' চাইতে থাকে
 নয়তো আমার মতো সারা রাত
 নিজের নিজের বাসায় লুকিয়ে কাটায়
 ভোর না হওয়া অবধি
 বাইরে বেরোয় না

মৈদু দিন

